

## সুনান আন-নাসায়ী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৩৯৬

২২/ সাওম [রোযা] (১যা়০ )

পরিচ্ছেদঃ ৭৬/ সাওমে হ্রাস-বৃদ্ধি করা এবং এ বিষয়ে আবদুল্লাহ ইবন আমর (রাঃ) বর্ণিত হাদীসের বর্ণনাকারীদের বর্ণনা পার্থক্য এর উল্লেখ

باب ذِكْرِ الزِّيَادَةِ فِي الصِيِّيَامِ وَالنُّقْصَانِ وَذِكْرِ اخْتِلاَفِ النَّاقِلِينَ لِخَبَرِ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو فِيهِ

## আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى، قَالَ حَدَّثَنَا مُحَمَّدٌ، قَالَ حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ زِيَادِ بْنِ فَيَّاضٍ، سَمِعْتُ أَبَا عِيَاضٍ، يُحَدِّثُ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرِو، أَنَّ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم قَالَ لَهُ " صلَمْ يَوْمًا وَلَكَ أَجْرُ مَا بَقِيَ " . قَالَ إِنِي أُطِيقُ أَكْثَرَ مِنَ ذَلِكَ . قَالَ " صلمْ يَوْمَيْنِ وَلَكَ أَجْرُ مَا بَقِيَ " . قَالَ إِنِي أُطِيقُ أَكْثَرَ مِنْ ذَلِكَ . قَالَ " صلمْ ثَلاَثَةَ أَيَّامٍ وَلَكَ أَجْرُ مَا بَقِيَ " . قَالَ إِنِي أُطِيقُ أَكْثَرَ مِنْ ذَلِكَ . قَالَ " صلمْ أَرْبَعَةَ أَيَّامٍ وَلَكَ أَجْرُ مَا بَقِيَ " . قَالَ إِنِي أُطِيقُ أَكْثَرَ مِنْ ذَلِكَ . قَالَ " صلمْ أَرْبَعَةَ أَيَّامٍ وَلَكَ أَجْرُ مَا بَقِيَ " . قَالَ إِنِي أُطِيقُ أَكْثَرَ مِنْ ذَلِكَ . قَالَ " صلمْ أَرْبَعَةَ أَيَّامٍ وَلَكَ أَجْرُ مَا بَقِيَ " . قَالَ السَيّامِ عِنْدَ اللَّهِ صَوْمَ دَاوُدَ عَلَيْهِ السَّلاَمُ إِنِي أُطِيقُ أَكْثَرَ مِنْ ذَلِكَ . قَالَ " صلمْ أَوْضَلَ الصِيّامِ عِنْدَ اللَّهِ صَوْمَ دَاوُدَ عَلَيْهِ السَّلاَمُ كَانَ يَصُومُ يَوْمًا وَيُفْطِرُ يَوْمًا " .

## বাংলা

২৩৯৬। মুহাম্মাদ ইবনু মুছান্না (রহঃ) ... আব্দুল্লাহ ইবনু আমর (রাঃ) থেকে বর্ণিত যে, রাসুলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম তাকে বলেছিলেন, তুমি (প্রত্যেক দশ দিনে) একদিন সাওম পালন করবে তা হলে অবশিষ্ট দিনগুলোর সওয়াবও তোমার অংশে লেখা হবে। তিনি বলেন, আমি তো এর চেয়েও অধিক সাওম পালনের সামর্থ্য রাখি। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেন, তা হলে তুমি দুই দিন সাওম পালন কর তাহলে অবশিষ্ট দিনগুলোর সওয়াবও তোমার অংশে লেখা হবে। তিনি বললেন, আমি তো এর চেয়েও অধিক সাওম পালনের সামর্থ্য রাখি।

রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাহলে তুমি তিন দিন সাওম পালন কর, তাহলে অবশিষ্ট দিনগুলোর সওয়াবও তোমার অংশে লেখা হবে। তিনি বললেন, আমি তো এর চেয়েও অধিক সাওম পালনের সামর্থ্য রাখি। রাসুলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বললেন, তাহলে তুমি আল্লাহ তা'আলার নিকট সর্বোত্তম সাওম দাউদ (আঃ) এর সাওম পালন কর। তিনি একদিন সাওম পালন করতেন আর একদিন সাওম ভঙ্গ



করতেন।

## **English**

It was narrated from 'Abdullah bin 'Amr that the Messenger of Allah said to him:

"Fast one day, and you will have the reward of what is left." He said: "I am able to do more than that." He said: "Fast two days, and you will have the reward of what is left." He said: "I am able to do more than that." He said: "Fast three days and you will have the reward of what is left." He said: "I am able to do more than that." He said: "Fast four days and you will have the reward of what is left." He said: "I am able to do more than that." He said: "Observe the best kind of fasting before Allah, the fast of Dawud, peace be upon him; he used to fast one day and break his fast for one day." 'Ata said: "Someone who heard him told me that Ibn 'Umar (said) that the Prophet said: 'Whoever fasts every day of his life, then he has not fasted.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন